

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে ক্যারিয়ার সেমিনার ও প্রোগ্রামিং কনটেস্ট অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ক্যারিয়ার সেমিনার ও প্রোগ্রামিং কনটেস্ট অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৯ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নোবিপ্রবি সিএসটিই ক্লাব ও ব্র্যাক আইটি যৌথভাবে এ অনুষ্ঠানমালার আয়োজন করে। বিশ্ববিদ্যালয়ের ডিডিও কনফারেন্স রুমে প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে বিশেষ অতিথি ছিলেন নোবিপ্রবির উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক।

এসময় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক বলেন, আমরা অত্যন্ত আনন্দিত যে এই প্রতিযোগিতার মাধ্যমে ব্র্যাক আইটিতে আমাদের পাঁচজন শিক্ষার্থী সফটওয়্যার ইঞ্জিনিয়ার হিসেবে চাকরি পেলো। আমি আশা করি তোমরা নোবিপ্রবির এম্বাসেডর হিসেবে ভূমিকা পালন করবে। তোমাদের কাজ দেখে যেন ব্র্যাক আইটির মতো অন্যান্য প্রতিষ্ঠানও নোবিপ্রবিতে আসে এবং এমন প্রতিযোগিতার আয়োজন করে। ব্র্যাক আইটি এবং আমাদের বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অসংখ্য ধন্যবাদ এমন সুন্দর আয়োজনের জন্য।

সকালে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে ক্যারিয়ার সেমিনারের আয়োজন করা হয়। নোবিপ্রবির প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে সেমিনারে অতিথি বক্তা ছিলেন ব্র্যাক আইটির চিফ টেকনোলজি অফিসার শাহ আলী নেওয়াজ তপু ও ব্র্যাক আইটির কোয়ালিটি অ্যাসুরেন্স অ্যান্ড অ্যাডমিন বিভাগের হেড অব এমপ্লয় এক্সপেরিয়েন্স কল্লোল নাগ। সেশন মডারেটর ছিলেন কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (সিএসটিই) বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দিন।

অন্যদিকে সিএসটিই বিভাগে দিনব্যাপী প্রোগ্রামিং কনটেস্ট অনুষ্ঠিত হয়। এতে বিভাগের ১৩তম ব্যাচ থেকে ১৫তম ব্যাচের ডিগ্রীপ্রাপ্ত শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, সিএসটিই ক্লাবের সার্বিক সহযোগিতায় ব্র্যাক আইটি কর্তৃক আয়োজিত কোডিং কনটেস্ট শেষে নোবিপ্রবির ১৫তম ব্যাচের ০৫ জন শিক্ষার্থী ব্র্যাক আইটি থেকে সফটওয়্যার ইঞ্জিনিয়ার হিসেবে এপয়েন্টমেন্ট লেটার পেয়েছে। তারা হলেন সিএসটিই বিভাগের আতাহার উদ্দিন পুলক, আবদুর রহমান রনি, পলি আক্তার, মাহাবুব আলী আরজু এবং আইসিই বিভাগের সজীব বড়ুয়া।

রায়হান কায়সার হাসেম
সহকারী রেজিস্ট্রার
মোবা- ০১৮৩৭৭০০৭১২